# আইনের শাসনই হবে রাষ্ট্র পরিচালনার ভিত্তি: প্রধানমন্ত্রী তারেক রহমান



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

দায়িত্ব গ্রহণের পর জাতির উদ্দেশে দেওয়া ভাষণে প্রধানমন্ত্রী তারেক রহমান স্পষ্ট করে জানিয়েছেন, দলীয় প্রভাব নয় রাষ্ট্র পরিচালনায় প্রাধান্য পাবে আইনের শাসন।

বুধবার (১৮ ফেব্রুয়ারি) রাত ৯টা ৪৫ মিনিটে বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে সম্প্রচারিত ভাষণে তিনি বলেন, বিএনপি নেতৃত্বাধীন সরকার অনিয়ম ও দুর্নীতির সঙ্গে জড়িত সব ধরনের সিন্ডিকেট ভেঙে দিতে দৃঢ়প্রতিজ্ঞ। আসন্ন রমজানকে সামনে রেখে ব্যবসায়ীদের প্রতি তিনি সতর্কবার্তা দিয়ে বলেন, এ মাসকে যেন অতিরিক্ত মুনাফার সুযোগ হিসেবে ব্যবহার না করা হয়। তিনি আরও উল্লেখ করেন, ভোট দিয়েছেন কি দেননি— এই বিভাজন ভুলে দেশের প্রতিটি নাগরিকের জন্য সরকারের সেবা ও অধিকার সমান থাকবে।

প্রধানমন্ত্রী বলেন, দীর্ঘদিনের দুর্নীতি, দুঃশাসন ও অনিয়ম দেশের অর্থনীতিকে নড়বড়ে অবস্থায় নিয়ে গেছে। পাশাপাশি আইনশৃঙ্খলা পরিস্থিতিও দুর্বল হয়ে পড়েছে। এমন প্রেক্ষাপটে নতুন সরকার দায়িত্ব গ্রহণ করেছে বলে জানান তিনি।

LENS ASIA

আইনশৃঙ্খলার উন্নয়ন এবং দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থানই সরকারের তাৎক্ষণিক অগ্রাধিকার— এ কথা পুনর্ব্যক্ত করেন তিনি।

তারেক রহমান বলেন, দেশজুড়ে জুয়া ও মাদকের বিস্তার সামাজিক অস্থিরতা বাড়াচ্ছে এবং অপরাধ প্রবণতা উসকে দিচ্ছে। এসব নিয়ন্ত্রণে আইনশৃঙ্খলা বাহিনীকে প্রয়োজনীয় কঠোর ব্যবস্থা নিতে নির্দেশ দেওয়া হয়েছে। নাগরিকদের জীবন ও সম্পদের নিরাপত্তা নিশ্চিত করাকে সরকার সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে বলেও জানান তিনি।

তিনি আরও বলেন, রাষ্ট্রের সব সাংবিধানিক ও সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান আইন ও বিধি মেনেই পরিচালিত হবে। দলীয় চাপ, রাজনৈতিক প্রভাব কিংবা ব্যক্তিগত ক্ষমতার অপব্যবহার কোনোভাবেই গ্রহণযোগ্য হবে না।

ভাষণের শেষাংশে প্রধানমন্ত্রী সবার সহযোগিতা কামনা করে বলেন, জবাবদিহিমূলক ও ন্যায়ভিত্তিক শাসন প্রতিষ্ঠার মধ্য দিয়ে জনগণের আস্থা পুনর্গঠনই হবে সরকারের লক্ষ্য।